



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

তথ্য অবমুক্তকরণ নির্দেশিকা ২০১৭


রাষ্ট্রপতির কার্যালয়
বঙ্গভবন, ঢাকা
মার্চ ২০১৭

মুখবন্ধ

ষোড়শ শতকে ইংরেজ দার্শনিক ফ্রান্সিস বেকন (Francis Bacon) বলেছিলেন, "Education is Power." একবিংশ শতাব্দীতে তথ্যের গুরুত্ব ও তাৎপর্য উপলব্ধি করে বলা হচ্ছে, "Information is Power." তথ্য মানুষকে ক্ষমতায়ন করে, সঠিক সিদ্ধান্ত নিতে সহায়তা করে, মনের খোরাক যোগায় এবং কর্মকাণ্ডের স্বচ্ছতা ও জবাবদিহি নিশ্চিত করে। তথ্য জানা তাই মানুষের সহজাত প্রবৃত্তি। প্রত্যাশিত তথ্য পেতে মানুষ প্রতিনিয়ত বই-পুস্তক, সংবাদপত্র, ম্যাগাজিন, বেতার-টেলিভিশনসহ বিভিন্ন উৎসের প্রতি অনুসন্ধিৎসু দৃষ্টি রাখে। কিন্তু নানা কারণে অনেক সময় প্রত্যাশিত তথ্য মেলে না। তথ্যপ্রযুক্তির বিকাশ তথ্যের অবাধ প্রবাহকে যেমন সহজ করেছে তেমনি তা মুহূর্তে মানুষের দোড়গোড়ায় পৌঁছে দিচ্ছে। গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানে নাগরিকদের চিন্তা, বিবেক ও বাক স্বাধীনতা অন্যতম মৌলিক অধিকার হিসেবে স্বীকৃত। সেই পরিপ্রেক্ষিতে বর্তমান সরকার জনগণকে নির্বিঘ্নে তথ্য সেবা প্রদানের লক্ষ্যে তথ্য অধিকার আইন, ২০০৯ প্রণয়নসহ এ সংক্রান্ত বিধিমালা ও প্রবিধিমালা প্রণয়ন করেছে। গঠন করা হয়েছে তথ্য কমিশন।

তথ্য অধিকার আইন, ২০০৯ এর ৪ ধারায় দেশের প্রত্যেক নাগরিকের তথ্য লাভের অধিকার নিশ্চিত করা হয়েছে। দেশের সম্মানিত নাগরিকগণ যাতে নির্বিঘ্নে কাঙ্ক্ষিত তথ্য পেতে পারেন, এ লক্ষ্যে সংশ্লিষ্ট ইউনিটে দায়িত্বপ্রাপ্ত কর্মকর্তাও নিয়োগ প্রদান করা হয়েছে। বঙ্গভবন জাতির মর্যাদা ও গৌরবের প্রতীক। এটি গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের মহামান্য রাষ্ট্রপতির কার্যালয় ও বাসভবন। বঙ্গভবনের রয়েছে শতাব্দীকালের বর্ণাঢ্য ইতিহাস। তাই সঙ্গত কারণে বঙ্গভবন সম্পর্কে জনগণের আগ্রহ রয়েছে। জনগণ যাতে সহজে রাষ্ট্রপতির কার্যালয় তথা বঙ্গভবন সম্পর্কে প্রত্যাশিত তথ্য পেতে পারেন বা তাঁদের মতামত প্রদান করতে পারেন সে লক্ষ্যে তথ্য অবমুক্তকরণ নির্দেশমালা প্রণয়নের উদ্যোগ নেয়া হয়েছে।

আমি আশা করি রাষ্ট্রপতির কার্যালয় প্রণীত তথ্য অবমুক্তকরণ নির্দেশিকা, ২০১৭ এই কার্যালয়ের তথ্য প্রদান কার্যক্রম সাবলীল করবে এবং জনগণ তাঁদের প্রত্যাশিত তথ্য পেতে সক্ষম হবেন।


সম্পদ বড়ুয়া
সচিব

